

Publication & Date: Aajkaal (15.05.2011)

Page Number: Rabibashonio - D

Head Line: Rehabilitation at Medica.

রবিবার • ৩১ বৈশাখ ১৪১৮ • ১৫ মে ২০১১ • আজকাল

মেডিকায় রিহাবিলিটেশন

সম্প্রতি মায়ুর সমস্যায় আক্রান্তদের পুনর্বাসন প্রসঙ্গে মেডিকা সুপারস্পেশালিটি হাসপাতালে একটি সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে বক্তব্য পেশ করেন এস এস কে এম হাসপাতালের কনসালট্যান্ট শিশু সাইকিয়াট্রিস্ট ডাঃ রীতা রায়, পিয়ারলেস হাসপাতালের ডেভেলপমেন্টাল পেডিয়াট্রিশিয়ান ডাঃ মণিদীপা ব্যানার্জি, অ্যাপোলো গ্লেনডেল্গলুস হাসপাতালের ক্লিনিক্যাল সাইকোলজিস্ট প্রিয়াঙ্কা ভট্টাচার্য, কনসালট্যান্ট থেরাপিস্ট গীতা চন্দ্রশেখরন ও মেডিকার রিহাবিলিটেশন সেন্টারের অধিকর্তা ডাঃ কবিতা রায়।

মেডিকা সুপারস্পেশালিটি হাসপাতালের ফিজিক্যাল থেরাপি ও পুনর্বাসন বিভাগটি বিশ্বমানের স্টেট অফ আর্ট প্রযুক্তি সম্পন্ন। এখানে সব রকমের অস্ত্রোপচারের পর প্রয়োজনীয় পুনর্বাসন-সহ স্পোর্টস ইনজুরির চিকিৎসার যাবতীয় উপকরণ ও চিকিৎসার ব্যবস্থা রয়েছে। এছাড়াও রেসপিরেটরি থেরাপি, কার্ডিয়াক পুনর্বাসন, অর্থোপেডিক পুনর্বাসন, নিউরোলজিক্যাল পুনর্বাসন, পেইন ম্যানেজমেন্ট, পোস্ট-সার্জিক্যাল থেরাপি ও কাউন্সেলিং-এর পরিষেবা পাওয়া যায়। ভারতে খুব কম হাসপাতালেই শিশুদের বিহেভিয়ারাল ডিসঅর্ডার নিয়ে আলাদা চিকিৎসার ব্যবস্থা রয়েছে। মেডিকাতে সেপারি ইন্টিগ্রেশন থেরাপির মাধ্যমে ইন্টিগ্রিটি ডিসফাংশন ডিসঅর্ডার, এ এস ডি, লার্নিং ডিসএবিলিটির চিকিৎসা করা হচ্ছে। মেডিকার চেয়ারম্যান ডাঃ অলক রায় ও ভাইস চেয়ারম্যান ডাঃ এল এন ত্রিপাঠী নিউরোলজিক্যাল সমস্যাগ্রস্তদের জন্য একটি উন্নত পরিকাঠামো যুক্ত পৃথক বিভাগের গুরুত্ব তুলে ধরেন।

মেডিকা সুপারস্পেশালিটি হাসপাতালে যোগাযোগ: (০৩৩)৬৬৫২-০০০০।
ফবি: দীপক গুপ্ত

সুদীপ্ত চক্রবর্তী



ডাঃ অলক রায় ও ডাঃ এল এন ত্রিপাঠী (বাঁ দিকে)